

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

স্মারক সংখ্যা ৩৮.০০.০০০০.৩০৪.২৩.৪৮০.২০২৫-২৩৭

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ:
০৭ জুন ২০২৬ খ্রি.


বিষয়: উপানুষ্ঠানিক শিক্ষা সম্মাননা ২০২৬ প্রদান।

বিদ্যালয় বহির্ভূত, ঝরেপড়া ও শিক্ষার সুযোগবঞ্চিত জনগোষ্ঠীকে বয়সভিত্তিক উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা, বয়স্ক শিক্ষা, কার্যকর সাক্ষরতা, প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানবসম্পদে পরিণত করা এবং সবার জন্য জীবনব্যাপী শিক্ষার সুযোগ সৃষ্টির মাধ্যমে জ্ঞান-ভিত্তিক সমাজ গঠনে সহায়তা করার অভিলক্ষ্য নিয়ে কার্যক্রম পরিচালনা করে আসছে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো। ব্যুরোর নিজস্ব কার্যক্রমের পাশাপাশি উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তারে ব্যক্তি ও সংস্থা কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ-কে বরাবরই উৎসাহ দিয়ে আসছে। সেই সকল নিবেদিতপ্রাণ ব্যক্তি ও সংস্থার উদ্যোগের স্বীকৃতিস্বরূপ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো গত বছরের ন্যায় এ বছর আন্তর্জাতিক সাক্ষরতা দিবসে (০৮ সেপ্টেম্বর ২০২৬) স্বীকৃতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। আনুষ্ঠানিক শিক্ষার সুযোগ বঞ্চিত হওয়া সত্ত্বেও নিজের কর্মদক্ষতা, সৃজনশীলতা, উদ্ভাবনী চিন্তা, স্ব-উদ্যোগের মাধ্যমে সমাজ ও জাতীয় জীবনে উপানুষ্ঠানিক শিক্ষার বিকাশে তাৎপর্যপূর্ণ অবদান রেখেছেন এমন ব্যক্তি ও অনুরূপ ক্ষেত্রে অবদান রেখেছেন এমন সংস্থা-কে “উপানুষ্ঠানিক শিক্ষা সম্মাননা” প্রদান করা হবে।

৩। এমতাবস্থায়, জেলা প্রশাসকের সঙ্গে পরামর্শপূর্বক বর্ণিত ক্ষেত্রে অবদান রাখা ব্যক্তি ও সংস্থা চিহ্নিত করে (১জন ব্যক্তি+১টি সংস্থা=২) নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্য পূরণ করে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো প্রধান কার্যালয়ে (Email: adimp@bnfe.gov.bd) প্রেরণ করার জন্য অনুরোধ করা হ’ল। তথ্য প্রদানের শেষ তারিখ ৩০/০৬/২০২৬ বিকাল ৫.০০ টা।

সংযুক্ত: নির্ধারিত ছক ০২(দুই) ফর্দ।



দেবব্রত চক্রবর্তী

মহাপরিচালক

(অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-২২৬৬০১১১০

সহকারী পরিচালক
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
..... (সকল জেলা)।

অনুলিপি:

১। জেলা প্রশাসক
, , জেলা।

উপানুষ্ঠানিক শিক্ষা সম্মাননা নির্বাচন মানদণ্ড

ব্যক্তিগত ক্যাটাগরি (১০টি প্যারামিটার, মোট ১০০ পয়েন্ট)

ক্রম	প্যারামিটার	বিবরণ	পয়েন্ট
১	অবদানের ক্ষেত্র	কতজন শিক্ষার্থী কীভাবে সরাসরি উপকৃত হয়েছে (প্রযোজ্য ক্ষেত্রে সংখ্যাগত প্রমাণসহ)	১০
২	জাতীয়/স্থানীয় প্রভাব	শিক্ষার সুযোগ বৃদ্ধি ও সামাজিক উন্নয়ন, জীবনমান উন্নয়নে প্রমাণযোগ্য প্রভাব	১০
৩	সৃজনশীলতা ও উদ্ভাবন	নতুন শিক্ষা পদ্ধতি বা প্রযুক্তির ব্যবহার (যেমন: কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ প্রভৃতি)	১০
৪	দীর্ঘমেয়াদী সম্পৃক্ততা	কমপক্ষে ২ বছর ধরে ধারাবাহিক কার্যক্রম	১০
৫	প্রান্তিক গোষ্ঠীর অন্তর্ভুক্তি	নারী, সুবিধাবঞ্চিত ও প্রতিবন্ধীদের জন্য বিশেষ উদ্যোগ	১০
৬	গবেষণা ও নীতি প্রভাব	উপানুষ্ঠানিক শিক্ষা বিষয়ক গবেষণা/নীতিনির্ধারণে অবদান	১০
৭	সামাজিক স্বীকৃতি	গণমাধ্যম/স্থানীয় প্রশাসন/স্থানীয় কমিউনিটি কর্তৃক স্বীকৃতি	১০
৮	নেতৃত্ব ও অনুপ্রেরণা	স্থানীয় জনগোষ্ঠী, অন্য স্বেচ্ছাসেবক বা প্রতিষ্ঠানকে উদ্বুদ্ধকরণ	১০
৯	নৈতিকতা ও স্বচ্ছতা	কার্যক্রম পরিচালনায় নিষ্ঠা ও স্বচ্ছতা	১০
১০	চ্যালেঞ্জ মোকাবেলা	প্রতিকূল পরিস্থিতিতে কার্যক্রম অব্যাহত রাখা	১০

মন্তব্য (যদি থাকে):

প্রতিষ্ঠানগত ক্যাটাগরি (১০ প্যারামিটার, মোট ১০০ পয়েন্ট)

ক্রম	প্যারামিটার	বিবরণ	পয়েন্ট
১	কার্যক্রমের পরিসর	প্রকল্পের আওতায় উপকৃত শিক্ষার্থীর সংখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে প্রমাণসহ)।	১০
২	গুণগত প্রভাব	শিক্ষার সুযোগ সৃষ্টি, মান উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধিতে প্রমাণযোগ্য ফলাফল	১০
৩	অবকাঠামো ও স্থায়িত্ব	কমপক্ষে ২ বছর ধরে টেকসই কার্যক্রম	১০
৪	উদ্ভাবনী মডেল	অনন্য শিক্ষা পদ্ধতি বা প্রযুক্তির ব্যবহার (যেমন কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ প্রভৃতি)	১০
৫	প্রান্তিক জনগোষ্ঠীর সম্পৃক্ততা	দরিদ্র, নারী, প্রতিবন্ধী জনগোষ্ঠীর জন্য সহায়ক কর্মসূচি	১০
৬	আর্থিক স্বচ্ছতা	নিরীক্ষা প্রতিবেদন ও সঠিক বাজেট বণ্টন	১০
৭	সামাজিক অংশীদারিত্ব	সরকারি/বেসরকারি সংস্থার সাথে সমন্বয়	১০
৮	পুরস্কার/স্বীকৃতি	স্থানীয়/জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ে প্রাপ্ত স্বীকৃতি	১০
৯	জেন্ডার সমতা	নারী-পুরুষের সমান অংশগ্রহণ নিশ্চিতকরণ	১০
১০	চ্যালেঞ্জ মোকাবেলা	প্রতিকূল পরিস্থিতি/দুর্যোগকালে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখা	১০

মন্তব্য (যদি থাকে):

জেলার সহকারী পরিচালকদের জন্য সাধারণ নির্দেশনা:

ক) কোনো প্যারামিটার প্রযোজ্য না হলে সেক্ষেত্রে প্রাপ্ত স্কোর হবে ০০;

খ) জেলা থেকে ব্যক্তি পর্যায়ে একটি, প্রতিষ্ঠান পর্যায়ে একটি সুপারিশ পাঠানো যাবে।